47

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 APR 1992
পৃষ্ঠা ১

# অংক পরীক্ষায় বহিষ্কৃত ১৮৫০

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) দেশের ৪টি শিক্ষা বোর্ডের এস, এস, সি পরীক্ষার ৫ম দিনে অংক পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও পরীক্ষায় নকল সরবরাহের দায়ে ১৮৫০ জন ছাত্র-ছাত্রী এবং ৫ জন শিক্ষক বহিষ্কৃত হয়। নারায়ণগঞ্জের সোনার গাও পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ২ জন পরীক্ষার্থী এবং বরিশালে ৪ জন পরীক্ষার্থী পরীক্ষার খাতা লইয়া উধাও হয়। পুলিশ পরে নারায়ণগঞ্জের পরীক্ষার্থী ২ জনকে খাতাসহ গ্রেফতার করিয়াছে।

ঢাকা বোর্ড সূত্রে জানা যায়, শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। নগরীতে বিভিন্ন কেন্দ্রে ৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। ইহাছাড়া ঢাকা জেলায় ৪৫ জন,

(১১শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## অংক পরীক্ষায়

(১ম পৃঃ পর)

গাজীপুর জেলায় ১৬ জন, নারায়ণগঞ্জ জেলায় ৯ জন, নরসিংদী জেলায় ৩৯ জন, মুন্সিগঞ্জ জেলায় ১৪ জন, টাঙ্গাইল জেলায় ৩৫ জন, ফরিদপুর জেলায় ৫০জন, মাদারীপুর জেলায় ৩৪ জন, শরিয়তপুর জেলায় ৫ জন, রাজবাড়ি জেলায় ১৮ জন, গোপালগঞ্জ জেলায় ২৭ জন. ময়মনসিংহ জেলায় ৮৯ জন, কিশোরগঞ্জ জেলায় ৪৬ জন, নেত্রকোনা জেলায় ১৯ জন, জামালপুর জেলায় ১১ জন এবং শেরপুর জেলায় ১১ জন ছাত্র-ছাত্রী বহিষ্কৃত হয়। এই বোর্ডে মোট বহিষ্কারের সংখ্যা ৪৮৫।

কুমিল্লা বোর্ড জানায়, মোট বহিষ্কারের সংখ্যা ৩২৭। পরীক্ষায় নকল সরবরাহের দায়ে লামা সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১ জন, নাঙ্গলকোট কেন্দ্রে ২ জন সহ মোট ৩ জন শিক্ষক বহিষ্কৃত হন। মৌলভীবাজার শ্রীমঙ্গল কেন্দ্রে বহিষ্কৃত পরীক্ষার্থীর হাতে একজন পরিদর্শক লাঞ্ছিত হন। এই বোর্ডের কক্সবাজার জেলায় ৬৪ জন, বান্দরবান জেলায় ১ জন, ফেনী জেলায় ৩৮ জন, লক্ষ্মীপুর জেলায় ৪৩ জন, কুমিল্লা জেলায় ৯৫ জন, চাঁদপুর জেলায় ৫৬ জন, মৌলভীবাজার জেলায় ১৮ জন, সুনামগঞ্জ জেলায় ১২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

রাজশাহী বোর্ড জানায়, মোট ছাত্র-ছাত্রী বহিষ্কারের সংখ্যা ৮১৪। পাবনার বেড়া কেন্দ্রে দুইজন শিক্ষক বহিষ্কার, গাইবান্ধা সাদুল্লাপুর কেন্দ্রে একজন ভুয়া পরীক্ষার্থী গ্রেফতার হয়। এই বোর্ডের রাজশাহী জেলায় ৩৩ জন, নাটোর জেলায় ৩৩ জন, নওগাঁ জেলায় ৫১ জন, পাবনা জেলায় ২৯ জন. সিরাজগঞ্জ জেলায় ৭০ জন, বগুড়া জেলায় ১৩৩ জন, রংপুর জেলায় ১২৫ জন, গাইবান্ধা জেলায় ১০৪জন, নীলফামারী জেলায় ২৫জন, দিনাজপুর জেলায় ১২০ জন, ঠাকুরগাঁও জেলায় ৩৯জন, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ২৭জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

যশোর বোর্ড জানায়, মোট বহিষ্কারের সংখ্যা ২৩৪। যশোর জেলায় ২৮ জন, নড়াইল জেলায় ২০ জন, ঝিনাইদহ শহরে ২ জন, খুলনা শহরে ২ জন, বাগেরহাট জেলায় ৩০ জন, বরিশাল জেলায় ৪০ জন, ভোলা জেলায় ২ জন, পিরোজপুর জেলায় ১০ জন, বরগুনা জেলায় ৬ জন, ঝালকাঠি জেলায় ৪ জন, কুষ্টিয়া জেলায় ৮২ জন, চুয়াডাঙ্গা জেলায় ৩ জন, মেহেরপুর জেলায় ৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।